

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৩২৬

শান্তিরবাজার, ৩০ ডিসেম্বর, ২০২৪

১৯-২১ জানুয়ারি পিলাক প্রত্র ও পর্যটন উৎসব

পশ্চিম পিলাক দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের মাঠে আগামী ১৯-২১ জানুয়ারি তিনদিনব্যাপী পিলাক প্রত্র ও পর্যটন উৎসব অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আজ পশ্চিম পিলাক দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান তাপস দত্ত, জিলা পরিষদের সদস্য নীতিশ দেবনাথ শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক কৃষ্ণচন্দ্ৰ গুপ্তা, জোলাইবাড়ি ব্লকের বিডিও মানস ভট্টাচার্য সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সভাপতিত্ব করেন পশ্চিম পিলাক পঞ্চায়েতের প্রধান মনিবালা দাস। তিনদিনব্যাপী পিলাক প্রত্র ও পর্যটন উৎসবে বিভিন্ন সরকারি দপ্তর প্রদর্শনী মডেল খোলা হবে। তাছাড়াও তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে।
